

কোচিং বাণিজ্য বন্ধে মনিটরিং জোরদার হচ্ছে

শিক্ষামন্ত্রী

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, রবিবার, ২৪ জুন ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কোচিং বন্ধে 'শিক্ষা প্রতিষ্ঠানে কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২' বাস্তবায়নের জন্য গঠিত মনিটরিং কমিটির কার্যক্রম জোরদার করা হচ্ছে। গতকাল দশম জাতীয় সংসদের ২১তম (বাজেট) অধিবেশনের ১০ম কার্যদিবসে জুসদের নাজমুল হক প্রধানের প্রশ্নের জবাবে মন্ত্রী এসব তথ্য জানান। এর আগে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশনের শুরুতে মন্ত্রীদের জন্য নির্ধারিত প্রশ্ন-উত্তর পর্ব টেবিলে উপস্থাপনের পর ২০১৮-১৯ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর সাধারণ আলোচনা শুরু হয়।

শিক্ষামন্ত্রী বলেন, এ নীতিমালা বাস্তবায়নের জন্য মেট্রোপলিটন, বিভাগীয় পর্যায়ে, জেলা পর্যায়ে এবং উপজেলা পর্যায়ে পৃথক মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। মন্ত্রী বলেন, মেট্রোপলিটন, বিভাগীয় এলাকায় অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), জেলা পর্যায়ে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক, শিক্ষা ও উন্নয়ন) এবং উপজেলা পর্যায়ে

উপজেলা নির্বাহী আফসারের নেতৃত্বে গঠিত এসব কমিটি স্ব স্ব অধিক্ষেত্রে তৎপর রয়েছেন। শিক্ষামন্ত্রী বলেন, কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে কোচিং বাণিজ্যে জড়িত শিক্ষকগণের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। মন্ত্রী বলেন, এছাড়া বাস্তবতা পর্যালোচনায় দেখা গেছে যে, সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের যেসব শিক্ষক দীর্ঘদিন একই কর্মস্থলে কর্মরত রয়েছেন তাদের অধিকাংশের কোচিং বাণিজ্যের সাথে জড়িয়ে পড়ার প্রবণতা রয়েছে। এ বিষয়টি বিবেচনায় নিয়ে এসব শিক্ষকদের বদলি বা পদায়নের কার্যক্রম চলছে।